

শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ শিশু একাডেমি  
বগুড়া

স্মারক সংখ্যা-ডিও-১৮১-বাশিএ/জেশা/বগ/২০০৯-২৩(অংশ-২)/৪৩

তারিখ : ১১ মে ২০২৩

বিষয় : মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৩ উদযাপন উপলক্ষ্যে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৩ উদযাপন উপলক্ষ্যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বগুড়ার উদ্যোগে আগামী ১৯ মে ২০২৩ বিকাল-৫টায় জেলা পরিষদ ভবনস্থ বাংলাদেশ শিশু একাডেমি, বগুড়া কার্যালয়ে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।


প্রতিযোগিতা নিম্নের সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

ক্রমণং	প্রতিযোগিতার নাম	বিভাগ ও শ্রেণি	বিষয়	মাধ্যম	তারিখ ও সময়
১.	চিত্রাঙ্কন প্রতিযোগিতা	ক- গ্রুপ(১ম - ৩য় শ্রেণি ও সমমান পর্যায়) খ- গ্রুপ(৪র্থ - ৭ম শ্রেণি ও সমমান পর্যায়) গ-গ্রুপ(৮ম - ১০ম শ্রেণি ও সমমান পর্যায়) ঘ-গ্রুপ(বিশেষ চাহিদা সম্পন্ন শিশু)	“আমাদের বঙ্গবন্ধু” “মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ” “বাঙ্গালি সংস্কৃতি ও বঙ্গবন্ধু” “উন্মুক্ত”	উন্মুক্ত	১৯/৫/২০২৩ বিকাল- ৫টা
২.	রচনা প্রতিযোগিতা	ক- গ্রুপ(৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি ও সমমান পর্যায়) খ-গ্রুপ (৯ম শ্রেণি - ১০ম শ্রেণি ও সমমান পর্যায়) গ-গ্রুপ(উচ্চ মাধ্যমিক থেকে স্নাতক ও সমমান)	“মাদকাসক্তি মুক্ত যুবসমাজ ও আমাদের উন্নয়ন” (১০০০ শব্দের মধ্যে) “বঙ্গবন্ধুর আদর্শে চলি মাদক মুক্ত সোনার বাংলা গড়ি” (১৫০০ শব্দের মধ্যে) “মাদককে রুখব, স্মার্ট বাংলাদেশ গড়ব” (২০০০ শব্দের মধ্যে)		স্বহস্তে লিখিত রচনা আগামী ১৮ মে ২০২৩ বেলা ১২টার মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে জমা দিতে হবে। রচনার খাতার উপরে নাম, পিতা ও মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেণি ও মোবাইল নম্বর লিখতে হবে।

চিত্রাঙ্কন প্রতিযোগীদের চিত্রাঙ্কনের জন্য প্রয়োজনীয় দ্রব্যাদি সংগে আনতে হবে। শুধুমাত্র কার্টিস পেপার সরবরাহ করা হবে।

উক্ত প্রতিযোগিতায় আপনার প্রতিষ্ঠানের/সংগঠনের শিশুরা যাতে অংশগ্রহণ করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হল।

প্রাপক : অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ প্রধান শিক্ষিকা/সুপারিনটেনডেন্ট/পরিচালক/সম্পাদক/  
.....বগুড়া।

  
১১.৫.২৩  
(শাহ মোঃ ইসাহাক আলী)  
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা  
বগুড়া।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. জেলা প্রশাসক, বগুড়া।

২. উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, বগুড়া।

৩. জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া (আপনার অধীনস্থ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীরা যাতে অংশগ্রহণ করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৪. অফিস কপি।

